

যারা মানব পাচারের অথবা শ্রমিক শোষণের শিকার হয়েছেন তাদের সবাইকে ভিকটিম সাপোর্ট সংস্থা রিকু সাহায্য করে।

আপনি নিজে অথবা আপনার কোনও নিকটজন নিম্নলিখিত অভিজ্ঞতার সম্মুখীন হয়েছেন কি?

- কেউ কি আপনাকে অবৈধ কিছু করার জন্য জোর করছে অথবা এমন কোনো কাজ করার জন্য জোর করছে যে কাজ আপনি করতে চান না?
- কেউ কি (উদাহরণস্বরূপ স্ত্রী, আত্মীয়, কাজের মালিক) আপনাকে নিয়ন্ত্রণ করছে? আপনি কি করেন বা কার সাথে কথা বলেন?
- আপনাকে কি বলা হয়েছে যে ফিনল্যান্ডে আসার কারণে আপনার দেনা হয়েছে অথবা আপনি কি ইতিমধ্যে কাউকে টাকা দিয়েছেন?
- আপনাকে কি এমন কথা বলা হয়েছে যে, আপনাকে যা বলা হবে সেই অনুযায়ী কাজ না করলে আপনাকে এই দেশ ছেড়ে চলে যেতে হবে অথবা আপনার এই দেশে থাকার অনুমতি (রেসিডেন্স পার্মিট) থাকবে না?
- কেউ কি আপনাকে আপনার ব্যক্তিগত বিষয় সম্বন্ধে অন্যদের জানাবে বলে হুমকি দিচ্ছে?
- আপনার কি ভয় হয়, উদাহরণস্বরূপ, আপনার কাজের মালিক অথবা আপনার স্বামী/স্ত্রী আপনার অথবা আপনার কাছের লোকের ক্ষতি করতে পারে যদি

আপনি তাদের সঙ্গে একমত না হন বা চাকরি ছেড়ে দিতে চান অথবা সম্পর্ক না রাখতে চান?

- আপনি এখানে কি কাজ করতে এসেছেন অথবা কোন পরিস্থিতিতে আপনাকে কাজ করতে হবে সেই ব্যাপারে কি আপনাকে ভুল খবর দেওয়া হয়েছিল?
- আপনি এখন যে বেতন পাচ্ছেন তার থেকে বেশি বেতন দেবার প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল কি?
- আপনি কি নিয়মিত সপ্তাহে পাঁচ দিনের বেশি বা দিনে ৮ ঘণ্টার বেশি কাজ করেন? তার জন্য আপনাকে আলাদা বেতন দেওয়া হয় কি?
- কেউ কি আপনার নামে দেনা করেছে এবং আপনাকে দিয়ে কাগজপত্রে সই করিয়ে নিয়েছে আর আপনি বুঝতে পারেননি কাগজে কি লেখা আছে?
- কেউ কি আপনার ব্যাংক একাউন্ট ব্যবহার করছে অথবা আপনার আর্থিক পরিস্থিতি নিয়ন্ত্রণ করছে?

যদি আপনি উপরে উল্লিখিত একটি অথবা একাধিক প্রশ্নের উত্তর "হ্যাঁ" দিয়ে থাকেন, সেই ক্ষেত্রে অনুগ্রহ করে help@riku.fi ঠিকানায় যে কোনো ভাষায় ইমেইল করে যোগাযোগ করুন অথবা riku.fi/trafficking ওয়েবসাইটের যে কোনো ফোন নম্বরে ফোন করে যোগাযোগ করুন।



040 632 9293



ভিকটিম সাপোর্ট ফিনল্যান্ড (রিকু) একটি সংস্থা যারা বিভিন্ন ভাবে পরামর্শ দিয়ে অপরাধের শিকার ব্যক্তিদের, তাদের কাছের লোকদের, যারা অপরাধের সাক্ষী হয়েছেন তাদের সাহায্য করে।



অনলাইনে



ফোনে



মুখোমুখি
সাক্ষাতে

আমাদের সঙ্গে যোগাযোগ করুন যদি:

- আপনি কোনো অপরাধের শিকার হয়ে থাকেন
- আপনি কোনো অপরাধের সাক্ষী হয়ে থাকেন
- আপনার কাছের কেউ অপরাধের শিকার হয়ে থাকে
- আপনার মনে হয় যে আপনি নিজে অপরাধের শিকার হয়েছেন এবং সেই অভিজ্ঞতার ব্যাপারে কারুর সাথে কথা বলতে চান অথবা পরামর্শ চান।

আমরা গ্রাহকদের গোপনীয়তা বজায় রেখে কাজ করি। আপনি যদি আমাদের সঙ্গে ফোনে অথবা অনলাইনে যোগাযোগ করেন, সেই ক্ষেত্রে আপনার নিজের পরিচয় গোপন করেও যোগাযোগ করতে পারেন। আপনি যদি আমাদের সাথে ব্যক্তিগতভাবে দেখা করতে চান, তাহলে আমাদের যে কোনো একটি অফিসে মিটিং-এর জন্য অনুরোধ করতে পারেন। আমরা আপনার অনুমতি ছাড়া অন্য কাউকে আপনার কেস সম্পর্কিত তথ্য জানাবো না।



অনলাইন



Riku.fi ওয়েবসাইটে ভিকটিম সাপোর্ট সংস্থা রিকু সম্পর্কে এবং ফৌজদারী আইনের বিচার প্রক্রিয়া সম্বন্ধে বিভিন্ন ভাষায় খবর দেওয়া হয়।



আপনি যদি কোনসময়ে মানব পাচার অথবা শ্রমিকদের শোষণ করা হচ্ছে বলে সন্দেহ করেন তবে সাহায্য ও পরামর্শের জন্য help@riku.fi - ঠিকানায় ইমেইল করে যোগাযোগ করুন। ইমেইলটি আপনি নিজের ভাষায় লিখতে পারেন।



RIKUchat /রিকু চ্যাট- একটি তাতক্ষণিক পরিষেবা বা রিয়েল টাইম সার্ভিস। এই চ্যাটে সাধারণত ফিনিশ ভাষা ব্যবহার করা হয়।



ফোনে যোগাযোগ করুন

জাতীয় হেল্পলাইন নম্বর ১১৬ ০০৬

সোমবার-শুক্রবার সকাল ৯ টা থেকে সন্ধ্যা ৮ টা
(সাধারণত ফিনিশ ভাষায়)

আইনি পরামর্শের জন্য হেল্পলাইন নম্বর ০৮০০ ১৬১১৭৭

সোমবার-বৃহস্পতিবার বিকাল ৫ টা থেকে সন্ধ্যা ৭ টা
(ফিনিশ ভাষায়)



মুখোমুখি সাক্ষাৎ



ফিনল্যান্ডএ রিকু সংস্থার অফিস বিনামূল্যে সাহায্য করে। প্রয়োজন হলে দোভাষীর ব্যবস্থা করা হয়। দোভাষী কঠোর গোপনীয়তা বজায় রাখার জন্য দায়বদ্ধ। যোগাযোগ করার তথ্য পাবেন riku.fi ওয়েবসাইটে।



আপনি একজন সাহায্যকারীর জন্য অনুরোধ করতে পারেন, যিনি আপনার সঙ্গে দেখা করে বিভিন্ন ব্যাপারে আলোচনা করতে পারবেন এবং আপনাকে বিভিন্ন ব্যাপারে পরামর্শ দিতে পারবেন। প্রয়োজন হলে তিনি আপনার সঙ্গে পুলিশ স্টেশনে অথবা আদালতে যেতে পারবেন।

রিকু একটি বেসরকারী সংস্থা (এনজিও) যার সঙ্গে রাজনীতি বা ধর্মের কোনও সম্পর্ক নেই।

